দীর্ঘ প্রতিক্ষার পর ২১ মার্চ আলমডাঙ্গায় আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিল

দেড় যুগ পর আগামি ২১ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন। এ সম্মেলন ঘিরে উপজেলাজুড়ে আওয়ামী লীগে নেতাকর্মীদের মাঝে বিরাজ করছে উৎসবমুখর পরিবেশ।

সম্মেলনে আগত অতিথিদের বরণ করতে পৌর শহরকে সাজানো হচ্ছে বর্ণিল সাজে। গুরুত্বপূর্ণ স্থানগুলোতে তোরণ নির্মাণের কাজ চলছে। সম্মেলন ঘিরে নেতাকর্মীদের মাঝে উচ্ছ্বাস, উদ্যম, প্রত্যাশা লক্ষ্য করা যাচ্ছে।

সম্মেলন উদ্বোধন করবেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের এমপি বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

দলীয় সূত্রে জানা যায়, গত ১৮ বছর পূর্বে ত্রি-বার্ষিক কাউন্সিল অধিবেশনের মাধ্যমে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি গঠনের পর গত ১৮ বছরে আর কোনো নিয়মিত কমিটি গঠন করা হয়নি।

বিগত কাউন্সিলে ৫১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ ও নিয়মিত কমিটি গঠনের পর গঠনতান্ত্রিকভাবে মেয়াদ শেষ হলেও আর কাউন্সিল দেখেনি আলমডাঙ্গা উপজেলাবাসী। সর্বশেষ কাউন্সিলে ১৮ বছর সভাপতি হিসাবে দায়িত্ব পালন করছে পৌর মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু। ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করছে ইয়াকুব আলি মাস্টার।

দলের একাধিক সিনিয়র নেতাদের সঙ্গে কথা বলে জানা যায়, প্রায় দেড় যুগ সময় ধরে উপজেলা আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়নি। তিন বছর পর পর কাউন্সিল হওয়ার কথা থাকলেও নানা কারণেই তা সম্ভব হয়নি।

নতুন পুরাতনের সমন্বয়ে একটি গ্রহণযোগ্য কমিটি হবে বলে নেতৃবৃন্দরা প্রত্যাশা করছেন। দলের তৃণমূল পর্যায়ের নেতাকর্মীরা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের এমপি ছেলুন জোয়াদ্দারের সিদ্ধান্তের ওপর সবার বিশ্বাস ও আস্থার কথা শোনা যায়। তিনি যে

সিদ্ধান্ত নেবেন দলীয় নেতাকর্মীরা তাই মেনে নেবেন বলে জানায়।

ইতোমধ্যে সম্মেলনের প্রস্তুতি হিসেবে কার্যকরি কমিটির সভা করে কয়েকটি উপকমিটি গঠন করা হয়েছে। সম্মেলন সফল করতে প্রতিটি ইউনিয়নে বর্ধিতসভা করা হয়েছে। দৃষ্টিনন্দন তোরণ নির্মাণ করে বর্ণিল সাজে সজ্জিত করা হবে পৌর শহরকে।

পৌরসভা এলাকার আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজ মাঠে সম্মেলনের প্রথম ও দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হবে। আলমডাঙ্গা পৌর শহরের গুরুত্বপূর্ণ সড়কে সড়কে দেখা যাবে দৃষ্টিনন্দন তোরণ।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন জানান, সম্মেলন ঘিরে তৃণমূল পর্যায়ে নেতাকর্মীদের মাঝে উৎসবের আমেজ বিরাজ করছে। বঙ্গবন্ধুর আদর্শ প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়তে যারা কাজ করবেন আগামী দিনে তাদের প্রয়োজন।

এ সম্পর্কে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, সম্মেলনের প্রস্তুতির প্রায় ৬০ শতাংশ কাজ শেষ হয়েছে। সম্মেলনের আগের দিনেই শতভাগ কাজ সম্পন্ন করা হবে। সম্মেলন সফল করতে যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা রাত-দিন পরিশ্রম করে যাচ্ছেন।

আলমডাঙ্গায় ত্রি-বার্ষিক সম্মেলনকে ঘিরে মাঠ পরিদর্শনে এমপি-ছেলুন

আগামি ২১ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন। বিগত ১৭ বছর পর আলমডাঙ্গায় জাঁকজমক পূর্ণ আয়োজনের মধ্য দিয়ে উপজেলা আওয়ামী লীগের সম্মেলনকে ঘিরে ব্যাপক প্রস্তুতি গ্রহন করেছে জেলা ও উপজেলা আওয়ামী লীগ।

বুধবার দুপুরে জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের এমপি বীর

মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন সম্মেলন মাঠ পরিদর্শন করেন। এ বারের সম্মেলন অনুষ্ঠিত হবে আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজ মাঠে।

জানাগেছে, গত ১৭ বছর যাবৎ আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করে হাসান কাদির গনু।

ত্রি-বার্ষিক সম্মেলন উপলক্ষে বুধবার দুপুরে জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন আলমডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজ মাঠ পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রিয়াজুল ইসলাম টোটন জোয়াদ্দার, মুন্সি আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, আলমডাঙ্গা সরকারি কলেজের সভাপতি আশরাফুল ইসলাম,প্রচার সম্পাদক বাদশা, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সাবেক পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লোটাস জোয়াদ্দার, সাবেক কুমারি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রানা মন্ডল, ছাত্রলীগ নেতা টিটন, সাকিব, সিহাব প্রমূখ।

মেহেরপুরে গাঁজাসহ আটক-১

মেহেরপুর সদর উপজেলার উজলপুর এলাকায় অভিযান চালিয়ে ২ কেজি গাাঁজাসহ আনোয়ার হোসেন (২৮) নামের এক ব্যক্তিকে আটক করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশের একটি দল।

বুধবার সন্ধ্যা পৌনে ৬ টার দিকে মেহেরপুরের উজলপুর গ্রামের দুবরোজল মাঠ এলাকা থেকে তাকে আটক করা হয়। আনোয়ার হোসেন তেরঘরিয়া গ্রামের খড়ের মাঠ আশ্রায়ন প্রকল্প এলাকার হবিবর রহমান

হবি’র ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, মেহেরপুর সদরের উজলপুর গ্রামের দুবরোজল মাঠ এলাকায় মাদক বিক্রি হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই সুলতান মাহমুদ, এস আই বিশ্বজিৎ সরকার, এএসআই আহসান হাবীবসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে আনোয়ার হোসেনকে ২ কেজি গাাঁজাসহ আটক করেন।

আটককৃত আনোয়ার হোসেনের বিরুদ্ধে সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।

শৈলকুপায় সয়াবিন মজুদ রাখার অপরাধে ২ ব্যবসায়ীকে জরিমানা

ঝিনাইদহের শৈলকুপায় সয়াবিন তেলের অবৈধ মজুদ রাখা এবং সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে সয়াবিন তেল বিক্রি করার অপরাধে ২ ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গত মঙ্গলবার সন্ধ্যায় উপজেলার কবিরপুর বাজারে এ অভিযান পরিচালনা করেন শৈলকুপা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট পার্থ প্রতীম শীল।

আদালতের বিচারক জানান, অবৈধভাবে সয়াবিন তেল মজুদ করে চড়া দামে বিক্রি করছে কিছু ব্যবসায়ী এমন খবরে কবিরপুর এলাকায় অভিযান চালানো হয়।

এ সময় কবিরপুর এলাকার মেসার্স সৃষ্টি ভান্ডার এর মালিক শংকর কুমার কুন্ডুর গুদামে প্রায় তিন শতাধিক ব্যারেল সয়াবিন তেল মজুত পাওয়া যায়। যার পরিমান ৬১ হাজার লিটারের বেশি হবে।

এছাড়াও রাজু কুন্ডু নামের আরেক ব্যবসায়ীর গুদামে ২০ ব্যারেল তেল মজুত পান। যার পরিমান ৪ হাজার ৮০ লিটার। অতিরিক্ত মজুদ রাখার অপরাধে শংকর কুন্ডুকে ২০ হাজার ও রাজু কুন্ডুতে ১৫ হাজার টাকা জরিমানা করেন আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ।

মজুদকৃত তেলের ব্যাপারে পরবর্তীতে সিন্ধান্ত জানানো হবে বলে জানায় নির্বাহী ম্যাজিস্ট্রেট পার্থ প্রতীম শীল।

অভিযানে শৈলকুপা থানার পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট পার্থপ্রতিম শীল এ অভিযান অব্যাহত থাকবে যতদিন তেলের বাজার নিয়ন্ত্রিত না হবে।

মুক্তিযুদ্ধের পক্ষের পরিবারকে মুক্তিযুদ্ধ বিরোধী বানানো হয়েছে এমন অভিযোগে গাংনীতে সংবাদ সম্মেলন

মনগড়া, বানোয়াট, ভিত্তিহিন, ষড়যন্ত্রমূলক, মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত তথ্য দিয়ে মুক্তিযুদ্ধের পক্ষের পরিবারকে মুক্তিযুদ্ধ বিরোধী বানানো হয়েছে এমন অভিযোগে মেহেরপুরের গাংনীতে সংবাদ সম্মেলন করেছেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মকলেছুর রহমানের (মকুল) ও তার পরিবার।

বিশিষ্ট কথা সাহিত্যিক রফিকুর রশিদ তার ‘ বাংলাদেশের মুক্তিযুদ্ধ মেহেরপুর জেলা’ বইটিতে মুকুলের পিতা আব্দুল মান্নানকে শান্তি কমিটির সদস্য হিসেবে উল্লেখ করেছেন। সাত দিনের মধ্যে এ বই থেকে নাম প্রত্যাহার করে লেখককে ক্ষমা প্রার্থনা করতে আইনী নোটিশ দেওয়া হয়েছে।

বুধবার সকালে গাংনী থানা রোডস্থ নিজ বাড়িতে এ সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তার পরিবারের পক্ষ থেকে উপস্থিত সাংবাদিকদের এ তথ্য লিখিত ভাবে জানানো হয়।

লিখিত বক্তব্যে আব্দুল মান্নানের মেজ ছেলে ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান বাবু লিখিত বক্তব্য পাঠ করেন।

বক্তব্যে তিনি বলেন, মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ বাংলাদেশের মুক্তিযুদ্ধ, মেহেরপুর জেলা শিরোনামের বইটি রচনা করেছেন গাংনীর কথা সাহিত্যিক রফিকুর রশিদ রিজভী। বইটির প্রকাশক ওসমান গনি।

গতিধারা প্রকাশনী থেকে বইটি প্রথম প্রকাশিত ২০০৭ সালে। এ বইয়ে ২৭৬ পাতাতে লিপিবদ্ধ করেন এবং পরিশিষ্ট ঘ ২৮৭ পাতাতে বলা হয়, মেহেরপুর জেলার স্বাধীনতা বিরোধী ব্যাক্তিদের ভূমিকা প্রসঙ্গে। ৬ষ্ঠ লাইনে অবরুদ্ধ বাংলাদেশে অনেক মানুষ ইচ্ছার বিরুদ্ধেও এইসব অত্যাচারী বাহিনীতে নাম লেখাতে বাধ্য হয়েছে।

নিম্নের তালিকায় তাদের নামের পাশে তারকা চিহ্নিত হয়েছে উল্লেখ করে। মেহেরপুর জেলার শান্তি কমিটির সদস্যদের তালিকা মেহেরপুর সদর থানা ক্রঃ নং১-৯৩ পর্যন্ত এবং গাংনী থানা ক্রঃ নং১-১১৫ পর্যন্ত লিপিবদ্ধ করেন।

গাংনী থানার শান্তি কমিটির সদস্যদের মধ্যে ক্রমিক ৯২ আব্দুল মান্নান, পিতা- এরশাদ আলী, আড়পাড়া উল্লেখ করেছেন। পূনঃ পরিশিষ্টর ৩০৫ পাতাতে ষ্টার চিহ্নিত ব্যাক্তিদের রাজাকার পরিচয় নিয়ে এলাকায় ভিন্নমত আছে উল্লেখ করেছেন।

তারা আরও দাবি করেন কোন যাচাই ব্যতীত, নিজ এলাকার মানুষ হিসেবে শুত্রুতার কারণে অত্র প্রকারে আব্দুল মান্নান এর নাম স্টার চিহ্নিত করে লিখেছেন মুদ্রণ এবং প্রকাশ করে।

এবিষয়ে সরকারী কোন গেজেট বা জেলার সরকারী কোন দপ্তর হতে আব্দুল মান্নানের বিরুদ্ধে এধরনের কোন তথ্য প্রকাশ ব্যতীত মিথ্যা তথ্য সম্বলিত বই প্রকাশ করে মানহানি করেছেন।

এই বইয়ের লেখায় প্রয়াত আব্দুল মান্নান পরিবার ব্যক্তি, সামাজিক ও পারিবাড়িক জীবনে সম্মানহানি হয়েছে। অতএব আগামি ৭দিনের মধ্যে বিষয়টি সুরাহা না হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে সংবাদ সম্মেলনে জানান ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

সংবাদ সম্মেলনে প্রয়াত আব্দুল মান্নানের বড় ছেলে জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মকলেছুর রহমান মকুলসহ তার পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলন সম্পর্কিত বিষয়ে জানতে চাইলে বইটির লেখক ও তথ্য সংগ্রক রফিকুর রশীদ বলেন, স্বাধীনতা পরবর্তিতে মুক্তিযুদ্ধ ও

মুুক্তিযোদ্ধার ইতিহাস লিখতে গেলে রাজাকার বা স্বাধীনতা বিরোধীদের কথা না লিখলেই নয়।

বইটি লেখার সময় বিভিন্ন গ্রামে গ্রামে তথ্য সংগ্রহ করার সময় যা দেখেছি,যা শুনেছি,যা জেনেছি তাই লিখেছি। তবে একটি বিষয় পরিস্কার করেছি পাকবাহিনীর অত্যাচার নির্যাতন থেকে বাঁচতে এবং পরিবারকে রক্ষা করতে রাজাকারদের সাথে মিশে থাকতে বাধ্য হতে হয়েছে এবং তালিকাভুক্ত হতে হয়েছে।

অনেকের সম্পর্কে পক্ষে বিপক্ষে মতামত ও তথ্য থাকায় সে বিষয়েও উল্লেখ করেছি। কাওকে উদ্দেশ্য করে বা সম্মানহানী করার জন্য বইতে লিপি বদ্ধ করা হয়নি।

তাছাড়া বই থেকে নাম বাদ দেয়া বা সংশোধন দেয়ার বিষয়ে তিনি বলেন, এটি এমন সহজ বিষয় নয়। কারো আপত্তি থাকলে প্রক্রিয়ার ব্যাপার ,চাপ প্রয়োগ করে সব কিছুর সমাধান চাওয়া উচিৎ নয়। তাছাড়াও ২০০৭ সালে প্রকাশিত বইয়ের বিষয় কিছু ভিন্ন মত থাকলে অনেক আগেই ত জানাতে পারতো কিংবা আইনের আওতায় সাহায্য নিতে পারতো।

মেহেরপুরে যক্ষা নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধিতে ব্র্যাকের সেমিনার

মেহেরপুরে যক্ষা নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনব্যাপী সেমিনারের আয়োজন করে জেলা ব্র্যাক অফিস। আজ বুধবার জেলা ব্র্যাকের রিজিওনাল অফিসের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে ব্র্যাকের জেলা সমন্বয়কারী ফজলুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. জওয়াহেরুল আনাম সিদ্দিকী।

জেলা যক্ষা নিয়ন্ত্রণ অফিসের প্রোগ্রাম ওরগানাইজার লোকমান হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- সিভিল সার্জন

কার্যালয়ের চিকিৎসক হূমায়রা আয়শা, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা মোঃ আক্তারুজ্জামান, ব্র্যাকের ম্যানেজার মোঃ আবু হানিফ মোরল প্রমুখ। সেমিনারে ইমাম ও শিক্ষকরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

১৫ই মার্চ ‘বিশ্ব ভোক্তা অধিকার দিবস’। দিবসটি উপলক্ষে জেলা প্রশাসন চুয়াডাঙ্গা ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গার যৌথ আয়োজনে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন ভোক্তার অধিকার সংরক্ষণে সকলের সোচ্চার হওয়া উচিৎ। বিভিন্নভাবে প্রতিনিয়ত ভোক্তা অধিকার লঙ্ঘিত হচ্ছে।

এ বিষয়ে আমরা যদি একটু সচেতন হই তাহলে আমরা যেমন উপকৃত হবো তেমনি উপকৃত হবে সমগ্র দেশের মানুষ।

আলোচনা সভায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর উপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় আ.লীগ নেতা নিহত

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাইড ওয়ালের ধাক্কায় মোজাম্মেল হক (৫০) নামে এক আওয়ামী লীগ নেতা নিহত হয়েছেন। এসময় আহত হয়েছেন আরও একজন।

আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জ বাজারের মদন বাবুর মোড়ের অদূরে মঙ্গলবার (১৫ মার্চ) রাত ৯টার দিকে ওই দুর্ঘটনা ঘটে। নিহত মোজাম্মেল হক চুয়াডাঙ্গা পৌর এলাকার মুক্তিপাড়ার মৃত জুড়ান মন্ডলের ছেলে।

তিনি চুয়াডাঙ্গা পৌর ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক ছিলেন। আহত জাহিদ হোসেন (৪৫) চুয়াডাঙ্গা পৌর এলাকার পোস্ট অফিস পাড়ার মৃত শওকত আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ব্যক্তিগত কাজ শেষে আলমডাঙ্গা থেকে মোটরসাইকেলযোগে বাড়ি চুয়াডাঙ্গায় ফিরছিলেন মোজাম্মেল হক ও জাহিদ হোসেন।

এসময় মুন্সিগঞ্জ বাজারের মদন বাবুর মোড় এলাকায় পৌঁছালে আলমডাঙ্গাগামী একটি ট্রাককে সাইড দিতে দেন তারা। পরে তাদের মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা গাইড ওয়ালে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন তারা।

তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন। সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা: আহসানুল হক বলেন, অতিরিক্ত রক্তক্ষরণের কারণে হাসপাতালে নেয়ার আগেই মারা যান মোজাম্মেল হক।

আহত জাহিদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, নিহতের মরদেহ হাসপাতাল মর্গে রাখা হয়েছে। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

# [redacted]

[redacted]

এরই ধারাবাহিকতায় গতকাল রাত্রে রহমান তার দ্বিতীয় স্ত্রী প্রিয়াকে তার বাড়িতে নিয়ে আসে এবং প্রথম স্ত্রী যুথি খাতুনকে বাহিরে রেখে তার প্রথম পক্ষের একমাত্র ছেলে আপনকে (৭) সাথে নিয়ে রাত্রি যাপন করে।

তাদের এহেন কর্মকান্ডে এলাকাবাসির মনে সন্দেহ সৃস্টি হয়। এলাকাবাসি ও স্বজনদের ধারণা রহমান ও তার দ্বিতীয় স্ত্রী দু’জন মিলে যুথিকে হত্যার পর তার লাশ ঘরের আড়ায় ঝুলিয়ে রেখেছে।

তবে পুলিশের বক্তব্য ফরেনসিক রিপোর্ট আসলেই সব রহস্য বেরিয়ে আসবে। তবে নিহতের স্বজনদের অভিযোগ হত্যার পর লাশ ঝুলিয়ে রাখা হয়েছে। ঘটনার পর থেকে নিহতের স্বামী আত্মগোপনে রয়েছেন।

এ ঘটনায় গ্রামবাসী হত্যাকারী আব্দুর রহমানের গ্রেফতার ও শাস্তির দাবীতে ফুসে উঠেছে। লাশের ময়না তদন্ত শেষে রাত্র পৌনে ১১টার দিকে গ্রামের কবরস্থানে বেদনা বিধূর পরিবেশে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে।

এবিষয়ে দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে । মামলা নং ১৩। মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন দর্শনা থানা পুলিশ।

সভাপতি মাহফুজুর রহমান মনজু ও সাধারন সম্পাদক সহিদুল ইসলাম

সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দীর্ঘ দেড়যুগ পর দর্শনায় জাকজমক ও শান্তি পূর্ণ পরিবেশের মধ্য দিয়ে দীর্ঘ ১৮ বছর পর দামুড়হুদা উপজেলা আ.লীগের ত্রি-বার্ষিক সম্মেলন সম্পন্ন হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় দর্শনা পৌর অডিটোরিয়াম হল রুমের সামনে এ সম্মেলন অনুষ্টিত হয়।

এ সম্মেলনে সভাপতি হয়েছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক মাহফুজুর রহমান মনজু ও সাধারন সম্পাদক হয়েছেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার

হাউলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম।

দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন বাংলাদেশ আ.লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এ,বি,এম মোজাম্মেল হক।

অনুষ্ঠানে প্রধান অতিথি বিএম মোজাম্মেল হক বলেন, বঙ্গবন্ধুর আদর্শে গড়া দল বাংলাদেশ আওয়ামী লীগ। তাই এই দলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করতে দক্ষ এবং বিচক্ষণ নেতৃত্বের কোন বিকল্প নেই।

বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে সকলকে হাতে হাত রেখে কাজ করতে হবে। বাংলাদেশের প্রতিটি ইঞ্চিতে যে উন্নয়নের রূপরেখা বিদ্যমান তার মূলে রয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্ব।

এছাড়াও তিনি বলেন উন্নয়নের স্রোতধারা অব্যাহত রাখতে আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে সবাই ঐক্যবদ্ধ হয়ে বাংলাদেশ আওয়ামী লীগকে পুনরায় ক্ষমতায় নিয়ে আসার জন্য সবাইকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।

এছাড়াও চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, বাংলাদেশ আ.লীগকে আরো সংগঠিত ও শক্তিশালী করতে যোগ্য নেতৃত্বের এর কোন বিকল্প নেই তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলা আ.লীগের দেড় যুগ পর এই কমিটি গঠনের মধ্য দিয়ে সাংগঠনিক কর্মকাণ্ড আরো গতিশীল এবং বেগবান হবে বলে আমি মনে করি।

পরবর্তীতে সকলের উপস্থিতিতে এবং তৃণমূল নেতাকর্মীদের পরামর্শ অনুযায়ী অনুষ্ঠানের ২য় অধিবেশনে জেলা আ.লীগের সভাপতি সোলাইমান হক জোয়ার্দ্দার সেলুন এমপি সভাপতিত্বে এই নতুন কমিটির সভাপতি মাহাফুজুর রহমান মনজু এবং সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম নাম ঘোষণা করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধক হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা

আ.লীগের সাধারন সম্পাদক মাহফুজুর রহমান মনজু’র প্রানবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, বাংলাদেশ আ.লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সসংসদ সসদস্য ও জেলা আ.লীগের সহ-সভাপতি হাজী আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম, চুয়াডাঙ্গা পৌর সভার সাবেক মেয়র ও জেলা আ.লীগের যুগ্ন-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, দর্শনা পৌর সভার মেয়র ও পৌর আ.লীগের সভাপতি মতিয়ার রহমান, জীবনগর উপজেলা আ.লীগের নবনির্বাচিত সভাপতি অধ্যক্ষ নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আব্দুল লতিফ অমল, দামুড়হুদা উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারন সম্পাদক ও পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম।